

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)
চট্টগ্রাম, ১২ই সেপ্টেম্বর।
সর্বদলীয় ছাত্রঐক্যের আহ্বানে আজ
থেকে অনির্দিষ্টকালের জন্য চট্টগ্রাম
বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট শুরু

হয়েছে। তবে পরীক্ষাসমূহ ধর্মঘটের
আগতের বাইরে রাখা হয়েছে।

ছাত্রনেতা ফারুক হত্যাকারীসহ
গত ২২শে ডিসেম্বর সংঘটিত ঘটনায়
ছড়িত সজ্জাীদের ফৌজদার, ৬৩ জন
শো-কজপ্রাপ্ত শিবিরকর্মীকে বহিস্কার,
ছাত্রনেতা রেজাউল ও দুলালের মুক্তি,
ছাত্রঐক্যের নেতৃবৃন্দসহ সকল
ছাত্রছাত্রীর ক্যাম্পাস ও হলে যাতায়াত
নিশ্চিত, পরীক্ষার্থীদের নিরাপত্তা বিধান
করাসহ ১০ দফা আদায়ের দাবিতে
সর্বদলীয় ছাত্রঐক্য এই ধর্মঘট
ডেকেছে।

ধর্মঘটের প্রথম দিনে বিশ্ব-
বিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। শিক্ষক-
কর্মচারীদের উপস্থিতি ছিল নামমাত্র।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : পৃঃ ৮ কঃ ৮

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : ধর্মঘট শুরু (১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়গামী বাস চলেনি। ধর্মঘট
চলাকালে সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়
রেল চত্বরে ছাত্রঐক্যের সমাবেশশেষে
বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।
সমাবেশে কোর্ন পরীক্ষার্থীর ওপর
হামলা করা হলে প্রতিশোধ নেয়া হবে
বলে ছশিমারি উচ্চারণ করা হয়।

এদিকে বিশ্ববিদ্যালয় হল ও
ক্যাম্পাসসমূহ ইসলামী ছাত্র শিবিরের
সশস্ত্র দখলে রয়েছে। তারা আগামী
পরশু শনিবার থেকে অনুষ্ঠেয় '৮৮
সালের এম,এ চূড়ান্ত পরীক্ষা আয়োজন
বানচালের যড়যন্ত্র করছে বলে
অভিযোগ পাওয়া গেছে।

শিবিরবিরোধী সাধারণ ছাত্র
পরিষদ ফ্যাসিবাদী কায়দায় ইসলামী
ছাত্র শিবিরের বিশ্ববিদ্যালয়কে দখল
করে নেয়ার তীব্র ক্ষোভ ও এম,এ
পরীক্ষা অনিশ্চিত করায় গভীর উদ্বেগ
প্রকাশ করেছে। পরিষদের এক
বিজ্ঞপ্তিতে শনিবার অনুষ্ঠেয় পরীক্ষার
আগে সূক্ষ্ম পরিবেশ ফিরিয়ে আনার
জন্য সরকার, জেলা প্রশাসন ও
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান
জানানো হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি
সূত্রে জানা গেছে, আগামী শনিবার
থেকে অনুষ্ঠেয় পরীক্ষা সূক্ষ্মভাবে নেবার
জন্য কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করেছেন।
কতিপয় পরীক্ষার্থীর আবেদনের
প্রেক্ষিতে কর্তৃপক্ষ ক্যাম্পাস ক্লাবে
পরীক্ষা নেবার ব্যবস্থা নিয়েছেন।
বিশ্ববিদ্যালয়ের নয়া প্রটরের সঙ্গে ছাত্র
সংগঠনগুলোর তিনদিন ধরে পৃথক
বেঠক হয়েছে। তবে কোন ফলপ্রসূ
আলোচনা হয়নি।

৬৩